



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির আগস্ট/ ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শহিদুল ইসলাম, জেলা প্রশাসক, বরিশাল।

স্থান : ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম অ্যাপ)।

তারিখ ও সময় : ২৪ আগস্ট ২০২৩, বেলা: ২:০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, প্রকৃতপক্ষে তথ্যের অধিকার সংবিধানে বর্ণিত নাগরিকের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় মতামত/ সুপারিশ প্রদানের জন্য সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ : বিভিন্ন প্রতিষ্ঠানে অনেক কর্মকর্তা পরিবর্তন হলেও নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয় না। তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প কর্মকর্তার এবং আপীল গ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীসহ হালনাগাদ তালিকা অফিসের সম্মুখে এবং ওয়েবসাইটে প্রদর্শন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প কর্মকর্তা এবং আপীল গ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীসহ হালনাগাদ তালিকা সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবসাইটে আপলোড এবং দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	দপ্তর প্রধান (সকল) ও সহকারী কমিশনার (আইসিটি)।
০২	স্বপ্রণোদিত তথ্য প্রকাশ: নিজ নিজ দপ্তরের তথ্য স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে প্রকাশ করলে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে এবং নাগরিকগণ কাঙ্ক্ষিত তথ্য সহজে পাবে বলে সকল সদস্যগণ মত প্রকাশ করেন।	দপ্তরের নিজস্ব তথ্য ও উন্নয়ন প্রকল্পসমূহের তথ্য স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করতে হবে।	দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং তথ্য অধিকার আইন-২০০৯ এর বাস্তবায়নে অবাধ তথ্য প্রদানে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শহিদুল ইসলাম)
জেলা প্রশাসক
বরিশাল।

ফোন : ০২৪৭৮৮৬৪২৫৯

ই-মেইল: dcbarishal@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.২২. ২৪৭


তারিখ : ৬০ ভাদ্র ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পুলিশ সুপার, বরিশাল
- ২। অধ্যক্ষ, সরকারি বিএম কলেজ, বরিশাল
- ৩। সিভিল সার্জন, বরিশাল
- ৪। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, বরিশাল
- ৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল
- ৭। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....বরিশাল
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল),, বরিশাল
- ১০। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল
- ১১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল
- ১২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরিশাল
- ১৩। জেলা শিক্ষা অফিসার, বরিশাল
- ১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল
- ১৫। জনাব.....
- ১৬। অফিস কপি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

- ১। সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল


২৪/০৯/২৩
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল